

আশুলিয়ায় বকেয়া বেতনের দাবিতে শ্রমিকদের বিক্ষোভ

সাময়িক কিছু সমস্যার জন্য সময়মতো শ্রমিকদের বেতন দেওয়া সম্ভব হয়নি।

প্রকাশিত: ৩১ জুলাই ২০১৮, ১৮:১১ আপডেট: ১৯ আগস্ট ২০১৮, ১২:১৬



বকেয়া বেতনের দাবিতে শ্রমিকদের বিক্ষোভ। ছবি: প্রিয়.কম

(প্রিয়.কম) সাভারের আশুলিয়ায় বকেয়া বেতন ও বন্ধ কারখানা খুলে দেওয়ার দাবিতে কারখানার সামনে বিক্ষোভ ও অবস্থান কর্মসূচি পালন করেছেন কয়েকশ শ্রমিক।

৩১ জুলাই, মঙ্গলবার সকাল থেকে জামগড়া এলাকার মেসার্স বাঁধন কর্পোরেশন লিমিটেড নামে একটি কারখানার সামনে এই অবস্থান কর্মসূচি পালন করেন শ্রমিকরা।

কয়েকজন শ্রমিক জানান, চলতি বছরের জুন মাসের বেতন বকেয়া থাকায় জুলাই মাসের মাঝামাঝি সময় থেকে তারা কর্মবিরতি পালন করলে গত ১৯ জুলাই কলকারখানা অধিদফতর, বিজিএমইএ, কারখানাটির মালিক ও শ্রমিকদের মাঝে একটি সমঝোতা চুক্তি হয়। এতে ৩০ জুলাই বেতন পরিশোধের লিখিত ঘোষণা দেওয়া হয়েছিল। কিন্তু গতকাল বেতন না দিয়ে ৩১ জুলাই থেকে কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে মালিক পক্ষ পালিয়ে যায়।

এ বিষয়ে কারখানার মহাব্যবস্থাপক আকতার হোসেন বলেন, 'সাময়িক কিছু সমস্যার জন্য সময়মতো শ্রমিকদের বেতন দেওয়া সম্ভব হয়নি। আশা করি আগামী মাসের মধ্যে শ্রমিকদের বকেয়া বেতন পরিশোধ করতে পারব।'

এ ঘটনায় কয়েকশ শ্রমিক কারখানার সামনে বিক্ষোভ ও অবস্থান কর্মসূচি পালন করলেও কারখানাটির সামনে পুলিশ ছাড়া বিজিএমইএ কিংবা কলকারখানা অধিদফতরের কাউকে পাওয়া যায়নি।